

পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ কালাই, জয়পুরহাট।
সভার তারিখ	ঃ ০৮/১০/২০২৩ খ্রিঃ।
সময়	ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান	ঃ উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, কালাই, জয়পুরহাট।
সভায় উপস্থিতি	ঃ “পরিশিষ্ট-ক” সদয় দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সভাপতি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। সদস্য সচিব উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নিম্নবর্ণিত আলোচ্যসূচি উপস্থাপন করেন।

আলোচ্যসূচিঃ

- ০১। বিআরডিবি অফিসের পিছনে ময়লা আবর্জনা পরিষ্কার ও পরিচ্ছন্নতা সংক্রান্ত।
- ০২। বিবিধ।

আলোচ্যসূচিঃ ০১

বিআরডিবি অফিসের পিছনে অর্থাৎ দক্ষিণ দিকের অংশে ময়লা ও আবর্জনায় ভরপুর। ল্যাট্রিনের ট্যাংকগুলো পিছনের দিকেই অবস্থিত। অনেক সময় টেংকির মুখ চুরি হওয়ার ফলে খুব দুর্গন্ধ ছড়ায়। পিছনের জালানাগুলো খোলা মাত্রই দুর্গন্ধ ছড়িয়ে আসে এবং মশার উৎপাত দিনদিন বেড়েই চলেছে। মশা বাহিত বিভিন্ন রোগের হাত হতে অতি দূত পরিষ্কার পরিচ্ছন্ন রাখা অত্যন্ত জরুরী। বিআরডিবি অফিসের ফান্ডের অভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করা সম্ভব হয় না। বিষয়টি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা হয়। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

সিদ্ধান্তঃ ০১

সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালাই, জয়পুরহাট উপরিউক্ত বিষয়ে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য বলা হয় এবং এ বিষয়ে সার্বিক সহযোগিতার জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচিঃ ০২

সভায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়।

অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোছা: সাবানা আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, কালাই, জয়পুরহাট।